

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জননিরাপত্তা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
প্রশাসন-১ অধিশাখা  
www.mha.gov.bd

নং-৪৪.০০.০০০০.০১৯.০১.০০২.১৫-

তারিখঃ ১৬ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ  
২৮ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : **Factory Acceptance Test (FAT)** কার্যক্রমে অংশগ্রহণের জন্য কর্মকর্তার সাথে ছেলেকে চীন গমনের অনুমতি প্রদান।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বিভাগের গত ১৬/০২/২০১৭ তারিখের স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৫.১৩.০০৮.১৬-৪২ মূলে আগামী ১৯-২৩ ফেব্রুয়ারি, ২০১৭ সময়ে অথবা তার নিকটবর্তী সুবিধাজনক সময়ে ০৫ (পাঁচ) দিনের জন্য Factory Acceptance Test (FAT) কার্যক্রমে অংশগ্রহণের নিমিত্ত জনাব নিরোদ চন্দ্র মন্ডল, উপ সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা এবং পুলিশ অধিদপ্তরের প্রতিনিধি শেখ নাজমুল আলম, উপপুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা দ্বয়কে চীন গমনের জন্য সরকারি অনুমতি জ্ঞাপন করা হয়। উক্ত সফরে জনাব নিরোদ চন্দ্র মন্ডল, উপ সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা তাঁর ছেলে নিরত্ন নিলয় স্বাধীনকে সফরসঙ্গী করবেন মর্মে এ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো।

- ২। বর্ণিত সফরে তার ছেলের যাবতীয় ব্যয় তিনি ব্যক্তিগতভাবে বহন করবেন।
- ৩। এ মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৫.১৩.০০৮.১৬-৪২, তারিখঃ ১৬/০২/২০১৭ এ উল্লিখিত অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।
- ৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


মোঃ কামাল হোসেন  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৪৫২৯

নং-৪৪.০০.০০০০.০১৯.০১.০০২.১৫-৩৩৫/১(৯)

তারিখঃ ১৬ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ  
২৮ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ২। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
- ৩। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা
- ৪। জনাব নিরোদ চন্দ্র মন্ডল উপসচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৫। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
- ৬। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৭। সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (বহিরাগমন), শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৯। সহকারী প্রোগ্রামার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)

  
মোঃ কামাল হোসেন  
উপসচিব